রেজিস্টার্ড নং ডি এ-১ | "জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক" | ২০২০ সনের ১৯ নং

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, মে ৭, ২০২০

## সূচীপত্র


| | পৃষ্ঠা নং |
|---|---|
| ১ম খণ্ড—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলী সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ। | ৩১৩—৩১৬ |
| ২য় খণ্ড—প্রতিরক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ সুপ্রীমকোর্ট ব্যতীত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারীকৃত যাবতীয় নিয়োগ, পদোন্নতি, বদলী ইত্যাদি বিষয়ক প্রজ্ঞাপনসমূহ। | ৩১১—৩১৪ |
| ৩য় খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| ৪র্থ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত পেটেন্ট অফিস কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ ইত্যাদি। | |
| ৫ম খণ্ড—বাংলাদেশ জাতীয় সংসদের এ্যাক্ট, বিল ইত্যাদি। | নাই |
| ৬ষ্ঠ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলাদেশ সুপ্রীমকোর্ট, বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, সরকারী চাকুরী কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ৩১৭—৩২০ |

| | পৃষ্ঠা নং |
|---|---|
| ৭ম খণ্ড—অন্য কোন খণ্ডে অপ্রকাশিত অধস্তন প্রশাসন কর্তৃক জারীকৃত অ-বিধিবদ্ধ ও বিবিধ প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| ৮ম খণ্ড—বেসরকারী ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ। | নাই |
| ক্রোড়পত্র—সংখ্যা | |
| (১) . . . . .সনের জন্য উৎপাদনমুখী শিল্পসমূহের শুমারী। | নাই |
| (২) . . . . .বৎসরের জন্য বাংলাদেশের লিচুর চূড়ান্ত আনুমানিক হিসাব। | নাই |
| (৩) . . . . . বৎসরের জন্য বাংলাদেশের টক জাতীয় ফলের আনুমানিক হিসাব। | নাই |
| (৪) . . . . . কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বৎসরের চা উৎপাদনের চূড়ান্ত আনুষ্ঠানিক হিসাব। | নাই |
| (৫) . . . . . তারিখে সমাপ্ত সপ্তাহে বাংলাদেশের জেলা এবং শহরে কলেরা, গুটি বসন্ত, প্লেগ এবং অন্যান্য সংক্রামক ব্যাধি দ্বারা আক্রমণ ও মৃত্যুর সাপ্তাহিক পরিসংখ্যান। | নাই |
| (৬) ..............ইং তারিখে সমাপ্ত ত্রৈমাসিক পরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত ত্রৈমাসিক গ্রন্থ তালিকা। | নাই |


## ১ম খণ্ড

## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলি সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ।

**বাংলাদেশ নির্বাচন কমিশন**
**নির্বাচন কমিশন সচিবালয়**

### আদেশ

তারিখ : ৩০ জানুয়ারি ২০২০ খ্রিস্টাব্দ/১৬ মাঘ ১৪২৬ বঙ্গাব্দ

নং **১৭.০০.০০০০.০৮৩.২৭.০০৫.১৯-০৯**—জনাব মোহাম্মদ মজিবুর রহমান (সাময়িক বরখাস্তকৃত), প্রশাসনিক কর্মকর্তা, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) অনুযায়ী "অসদাচরণ" এর দায়ে অভিযুক্ত করে তাঁর বিরুদ্ধে বিভাগীয় মামলা নম্বর-০৮/২০১৮ রুজু করা হয়;

০২। জনাব মোহাম্মদ মজিবুর রহমান (সাময়িক বরখাস্তকৃত), প্রশাসনিক কর্মকর্তা, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা এর বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলার জবাব সন্তোষজনক না হওয়ায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৬(১)(খ) অথবা ৭(২)(ঘ) অনুযায়ী আনুষ্ঠানিকভাবে তদন্তের সিদ্ধান্ত গৃহীত হয়। তদন্তে তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগ সুস্পষ্টভাবে প্রমাণিত হয়। তৎপ্রেক্ষিতে, তাঁকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর উপ-বিধি ৭(৯) অনুযায়ী গুরুদন্ডাদেশ আরোপের প্রস্তাব করে দ্বিতীয় কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয়। তিনি তাঁর জবাব দাখিল করেন।

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আসাদুজ্জামান, উপপরিচালক (অতিঃ দায়িত্ব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

০৩। বিভাগীয় মামলায় জনাব মোহাম্মদ মজিবুর রহমান (সাময়িক বরখাস্তকৃত), প্রশাসনিক কর্মকর্তা, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা কর্তৃক দাখিলকৃত জবাবসমূহ, তদন্তকারী কর্মকর্তা কর্তৃক তদন্ত প্রতিবেদন, মামলা সংশ্লিষ্ট কাগজপত্রাদি পর্যালোচনাপূর্বক তাঁকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর উপ-বিধি ৩(খ) অনুযায়ী "অসদাচরণ" এর অভিযোগে দোষী সাব্যস্ত করে গুরুদন্ডের পরিবর্তে লঘুদন্ডাদেশ আরোপ করা সমীচীন মর্মে প্রতীয়মান হয়।

০৪। এমতাবস্থায়, জনাব মোহাম্মদ মজিবুর রহমান (সাময়িক বরখাস্তকৃত), প্রশাসনিক কর্মকর্তা, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা-কে উক্ত অপরাধের দায়ে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর উপ-বিধি ৪(২)(ঘ) মোতাবেক বেতন গ্রেডের নিম্নতর ধাপে অবনমিতকরণের লঘুদন্ডাদেশ আরোপ করা হউক। তাঁর সাময়িক বরখাস্তের আদেশ এতদ্বারা প্রত্যাহার করা হ'ল। একই সাথে মামলাটি নিষ্পত্তি করা হলো।

**মোঃ মোখলেসুর রহমান**
অতিরিক্ত সচিব।

---

**জাতীয় রাজস্ব বোর্ড**
**(কাস্টমস : WCO Affairs)**

**আদেশ**

তারিখ : ২২ জানুয়ারি ২০২০ খ্রিস্টাব্দ

নং **০৮.০১.০০০০.০৫৬.০১.০১০.১৯/০৯**—আগামী ২৬ জানুয়ারি, ২০২০ খ্রিস্টাব্দ তারিখ আন্তজার্তিক কাস্টমস দিবস, ২০২০ উদযাপন উপলক্ষে জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক নিম্নবর্ণিত কর্মকর্তা ও প্রতিষ্ঠানসমূহকে WCO Certificate of Merit সম্মাননার জন্য নির্দেশক্রমে মনোনয়ন প্রদান করা হলো :

**জাতীয় রাজস্ব বোর্ড ও এর অধীনস্থ দপ্তরসমূহের কর্মকর্তাগণ (১৭ জন)**

| ক্রমিক নং | কর্মকর্তাগণের নাম ও পদবি | দপ্তর |
|---|---|---|
| ১। | জনাব মোঃ শফিকুর রহমান, সিস্টেমস ম্যানেজার | আইসিটি (ICT) অনুবিভাগ, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা। |
| ২। | জনাব তাসমিনা হোসেন লুনা, কমিশনার (চলতি দায়িত্ব) | কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (দক্ষিণ), ঢাকা। |
| ৩। | জনাব মোহাম্মাদ আকবর হোসেন, অতিরিক্ত কমিশনার | কাস্টম হাউস, চট্টগ্রাম। |
| ৪। | জনাব কাজী ফরিদ উদ্দিন, প্রথম সচিব (মূসক) | জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা। |
| ৫। | জনাব মোঃ তোফায়েল আহমেদ, যুগ্ম কমিশনার (চলতি দায়িত্ব) | কাস্টমস বন্ড কমিশনারেট, চট্টগ্রাম। |
| ৬। | জনাব আকতার হোসেন,<br>দ্বিতীয় সচিব (কাস্টমস : আন্তজার্তিক বাণিজ্য ও চুক্তি) | জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা। |
| ৭। | জনাব রেজভী আহমেদ, উপ-কমিশনার | কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা। |
| ৮। | জনাব মোহাম্মদ নাহিদুন্নবী, উপ কমিশনার | কাস্টম হাউস, আইসিডি, কমলাপুর, ঢাকা। |
| ৯। | জনাব মোঃ সাইফুল হক, উপ পরিচালক | সেন্ট্রাল ইন্টেলিজেন্স সেল, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা। |
| ১০। | জনাব মোহাম্মদ মেহরাজ-উল আলম সম্রাট<br>দ্বিতীয় সচিব (কাস্টমস : নীতি) | জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা। |
| ১১। | জনাব মোঃ আল আমিন,সহকারী কমিশনার | কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা। |
| ১২। | জনাব মোঃ তারেক মাহমুদ,<br>দ্বিতীয় সচিব (কাস্টমস : আধুনিকায়ন ও প্রকল্প সুবিধা) | জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা। |
| ১৩। | জনাব মোঃ আকতার হোসেন, সহকারী কমিশনার | কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা। |
| ১৪। | জনাব ফিরোজ হোসেন বিশ্বাস, রাজস্ব কর্মকর্তা | কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর), ঢাকা। |
| ১৫। | জনাব মোঃ ইমরুল হোসেন পাটওয়ারী, রাজস্ব কর্মকর্তা | কাস্টম হাউস, চট্টগ্রাম। |
| ১৬। | জনাব মোঃ জাকির হোসেন, সহকারী রাজস্ব কর্মকর্তা | কাস্টম হাউস, ঢাকা। |
| ১৭। | জনাব হালিমা আফরিন লাকী, সহকারী রাজস্ব কর্মকর্তা | কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, চট্টগ্রাম। |

**প্রতিষ্ঠান (৩টি)**

| ক্রমিক নং | প্রতিষ্ঠানের নাম | দপ্তরের ঠিকানা |
|---|---|---|
| ১৮। | পররাষ্ট্র মন্ত্রণালয় | সেগুনবাগিচা, ঢাকা-১০০০। |
| ১৯। | মোংলা বন্দর কর্তৃপক্ষ | মোংলা-৯৩৫১, মোংলা, বাগেরহাট। |
| ২০। | আয়কর অনুবিভাগ, জাতীয় রাজস্ব বোর্ড | রাজস্ব ভবন, সেগুনবাগিচা, ঢাকা-১০০০। |

**এবিলিন সাংমা**
দ্বিতীয় সচিব (কাস্টমস : WCO Affairs)।

**বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়**
**জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ**
**প্রশাসন-৩ অধিশাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ : ১৫ মাঘ ১৪২৬/২৯ জানুয়ারি ২০২০

নং **২৮.০০.০০০০.০১৩.১৩.০০৯.২০-৩৯**—বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন আইন, ২০০৩ (সংশোধন আইন, ২০০৫ ও সংশোধন আইন, ২০১০) এর ৬ ধারা অনুযায়ী জনাব মোঃ আব্দুল জলিল, পিতা-মৃত মোঃ তছির আলী, গ্রাম : বাগবাড়ী, ডাকঘর : চারখাইল, উপজেলা : রিয়ানীবাজার, জেলা : সিলেট-কে বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন এর চেয়ারম্যান হিসেবে নিম্নে উল্লিখিত শর্তে নিয়োগ প্রদান করা হলো :

০২। **নিয়োগের শর্তাবলী :**

ক. তাঁর চাকরির মেয়াদ হবে ৩ (তিন) বৎসর এবং এই মেয়াদ যোগদানের তারিখ হতে কার্যকর হবে;

খ. তাঁর চাকরি কমিশনের সার্বক্ষণিক চাকরি হিসাবে বিবেচিত হবে এবং কমিশনের নিযুক্ত থাকা অবস্থায় তিনি লাভজনক অন্য কোন চাকরিতে নিয়োজিত হতে পারবেন না;

গ. তিনি যে কোন সময় ১ (এক) মাসের নোটিশ প্রদানপূর্বক রাষ্ট্রপতির উদ্দেশ্যে স্বাক্ষরযুক্ত পত্রযোগে পদত্যাগ করতে পারবেন;

ঘ. তাঁর অপসারণের ক্ষেত্রে বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন আইন, ২০০৩ এর ১১ ধারা প্রযোজ্য হবে;

ঙ. তিনি অর্থ মন্ত্রণালয় কর্তৃক ১৯-০৪-২০১৭ তারিখের স্মারক নং-০৭.০০.০০০০.১২৬.০০.০০১.১০-৮৭ অনুসারে মাসিক বেতন হিসাবে নির্ধারিত ১,০৫,০০০ (একলক্ষ পাঁচ হাজার) টাকা ও বাড়ি ভাড়া বাবদ নির্ধারিত ৫০,৬০০ (পঞ্চাশ হাজার ছয়শত) টাকা প্রাপ্য হবেন। এছাড়া তিনি তাঁর ব্যবহারের জন্য একটি সার্বক্ষণিক গাড়ী এবং তাঁর নিজের ও পরিবারের সদস্যদের জন্য দেশের অভ্যন্তরে চিকিৎসা ব্যয় প্রাপ্য হবেন;

চ. নিয়োগ প্রাপ্তির পর তিনি নিজ নামে বা বেনামে (পোষ্যদের নামে) বিদ্যুৎ ও জ্বালানি খাতভুক্ত কোন ব্যবসা পরিচালনা করতে পারবেন না;

ছ. চাকরি সংক্রান্ত অন্যান্য শর্ত বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন আইন, ২০০৩, (সংশোধন আইন, ২০০৫ ও সংশোধন আইন, ২০১০) ও পরবর্তীতে সংশ্লিষ্ট বিষয়ে প্রণীতব্য বিধি দ্বারা নিয়ন্ত্রিত হবে।

০৩। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

নং **২৮.০০.০০০০.০১৩.১৫.০০৮.১৯-৪১**—বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন আইন, ২০০৩ (সংশোধন আইন, ২০০৫ ও সংশোধন আইন, ২০১০) এর ৬ ধারা অনুযায়ী জনাব মোহাম্মদ আবু ফারুক, পিতা- মোঃ গোলাম রহমান, গ্রাম : নাটেশ্বর, ডাকঘর : নাটেশ্বর, উপজেলা : সোনাইমুড়ী, জেলা : নোয়াখালী- কে বাংলাদে এনার্জি রেগুলেটরী কমিশন এর সদস্য হিসেবে নিম্নে উল্লিখিত শর্তে নিয়োগ প্রদান করা হলো :

০২। **নিয়োগের শর্তাবলী :**

ক. তাঁর চাকরির মেয়াদ হবে ৩ (তিন) বৎসর এবং এই মেয়াদ যোগদানের তারিখ হতে কার্যকর হবে;

খ. তাঁর চাকরি কমিশনের সার্বক্ষণিক চাকরি হিসাবে বিবেচিত হবে এবং কমিশনের নিযুক্ত থাকা অবস্থায় তিনি লাভজনক অন্য কোন চাকরিতে নিয়োজিত হতে পারবেন না;

গ. তিনি যে কোন সময় ১ (এক) মাসের নোটিশ প্রদানপূর্বক রাষ্ট্রপতির উদ্দেশ্যে স্বাক্ষরযুক্ত পত্রযোগে পদত্যাগ করতে পারবেন;

ঘ. তাঁর অপসারণের ক্ষেত্রে বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন আইন, ২০০৩ এর ১১ ধারা প্রযোজ্য হবে;

ঙ. তিনি অর্থ মন্ত্রণালয় কর্তৃক ১৯-০৪-২০১৭ তারিখের স্মারক নং-০৭.০০.০০০০.১২৬.০০.০০১.১০-৮৭ অনুসারে মাসিক বেতন হিসাবে নির্ধারিত ৯৫,০০০ (পঁচানব্বই হাজার) টাকা ও বাড়ি ভাড়া বাবদ নির্ধারিত ৫০,৬০০ (পঞ্চাশ হাজার ছয়শত) টাকা প্রাপ্য হবেন। এছাড়া তিনি তাঁর ব্যবহারের জন্য একটি সার্বক্ষণিক গাড়ী এবং তাঁর নিজের ও পরিবারের সদস্যদের জন্য দেশের অভ্যন্তরে চিকিৎসা ব্যয় প্রাপ্য হবেন;

চ. নিয়োগ প্রাপ্তির পর তিনি নিজ নামে বা বেনামে (পোষ্যদের নামে) বিদ্যুৎ ও জ্বালানি খাতভুক্ত কোন ব্যবসা পরিচালনা করতে পারবেন না;

ছ. চাকরি সংক্রান্ত অন্যান্য শর্ত বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন আইন, ২০০৩, (সংশোধন আইন, ২০০৫ ও সংশোধন আইন, ২০১০) ও পরবর্তীতে সংশ্লিষ্ট বিষয়ে প্রণীতব্য বিধি দ্বারা নিয়ন্ত্রিত হবে।

০৩। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

নং **২৮.০০.০০০০.০১৩.১৫.০০৮.১৯-৪২**—বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন আইন, ২০০৩ (সংশোধন আইন, ২০০৫ ও সংশোধন আইন, ২০১০) এর ৬ ধারা অনুযায়ী জনাব মোঃ মকবুল-ই-ইলাহী চৌধুরী, পিতা-মরহুম মকবুলার রহমান চৌধুরী, বি-২৩০, খিলগাঁও, চৌধুরী পাড়া, ঢাকা-১২১৯ -কে বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন এর সদস্য হিসেবে নিম্নে উল্লিখিত শর্তে নিয়োগ প্রদান করা হলো :

০২। **নিয়োগের শর্তাবলী :**

ক. তাঁর চাকরির মেয়াদ হবে ৩ (তিন) বৎসর এবং এই মেয়াদ যোগদানের তারিখ হতে কার্যকর হবে;

খ. তাঁর চাকরি কমিশনের সার্বক্ষণিক চাকরি হিসাবে বিবেচিত হবে এবং কমিশনের নিযুক্ত থাকা অবস্থায় তিনি লাভজনক অন্য কোন চাকরিতে নিয়োজিত হতে পারবেন না;

গ. তিনি যে কোন সময় ১ (এক) মাসের নোটিশ প্রদানপূর্বক রাষ্ট্রপতির উদ্দেশ্যে স্বাক্ষরযুক্ত পত্রযোগে পদত্যাগ করতে পারবেন;

ঘ. তাঁর অপসারণের ক্ষেত্রে বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন আইন, ২০০৩ এর ১১ ধারা প্রযোজ্য হবে;

ঙ. তিনি অর্থ মন্ত্রণালয় কর্তৃক ১৯-০৪-২০১৭ তারিখের স্মারক নং-০৭.০০.০০০০.১২৬.০০.০০১.১০-৮৭ অনুসারে মাসিক বেতন হিসাবে নির্ধারিত ৯৫,০০০ (পঁচানব্বই হাজার) টাকা ও বাড়ি ভাড়া বাবদ নির্ধারিত ৫০,৬০০ (পঞ্চাশ হাজার ছয়শত) টাকা প্রাপ্য হবেন। এছাড়া তিনি তাঁর ব্যবহারের জন্য একটি সার্বক্ষণিক গাড়ী এবং তাঁর নিজের ও পরিবারের সদস্যদের জন্য দেশের অভ্যন্তরে চিকিৎসা ব্যয় প্রাপ্য হবেন;

চ. নিয়োগ প্রাপ্তির পর তিনি নিজ নামে বা বেনামে (পোষ্যদের নামে) বিদ্যুৎ ও জ্বালানি খাতভুক্ত কোন ব্যবসা পরিচালনা করতে পারবেন না;

ছ. চাকরি সংক্রান্ত অন্যান্য শর্ত বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন আইন, ২০০৩, (সংশোধন আইন, ২০০৫ ও সংশোধন আইন, ২০১০) ও পরবর্তীতে সংশ্লিষ্ট বিষয়ে প্রণীতব্য বিধি দ্বারা নিয়ন্ত্রিত হবে।

০৩। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ আনিছুর রহমান**
সিনিয়র সচিব।